প্রথম আলো

তারিখ 21 মে 2009
পৃষ্ঠা ৩ কলাম ৬

স্কুল-কলেজের সিদ্ধান্তের কারণে সময় নিয়ে বিভ্রান্তি

নিজস্ব প্রতিবেদক ●

ঘড়ির কাঁটা এক ঘণ্টা এগিয়ে নিয়ে কিছু শিক্ষাপ্রতিষ্ঠান বিভ্রান্তি তৈরি করেছে। ঘড়ির কাঁটার সঙ্গে এসব স্কুল-কলেজ এক ঘণ্টা সময় বাড়িয়ে দিয়েছে। এ কারণে আগে সকাল আটটায় ক্লাস শুরু করা কিছু প্রতিষ্ঠান এক ঘণ্টা এগিয়ে নয়টায় ক্লাস শুরু করছে। এতে অভিভাবকদের অনেকেই সন্তানকে ক্লাসে দিয়ে অফিসে যেতে পারছেন না।

শিক্ষা মন্ত্রণালয় সূত্র জানায়, ঘড়ির কাঁটা এগিয়ে নেওয়ার সঙ্গে সঙ্গে শিক্ষাপ্রতিষ্ঠানের সময় এগিয়ে নেওয়ার কথা কেউ বলেনি। এটা করা হলে যে সঙ্গে এক ঘণ্টা সময় এগিয়ে নেওয়া হয়েছে তা ব্যাহত হতে পারে। শিক্ষাসচিব সৈয়দ আতাউর রহমান *প্রথম আলোকে* বলেন, সংশ্লিষ্টদের মতামত নিয়ে কয়েক দিনের মধ্যে এ বিষয়ে শিক্ষা মন্ত্রণালয় সিদ্ধান্ত জানাবে।

রাজধানীর রেসিডেন্সিয়াল মডেল স্কুল অ্যান্ড কলেজে পৌনে আটটায় ক্লাস শুরু হতো। গতকাল থেকে পৌনে নয়টায় ক্লাস শুরু হচ্ছে। একইভাবে আগে পৌনে একটায় যাদের ক্লাস শুরু হতো, গতকাল থেকে তাদের ক্লাস পৌনে দুইটায় শুরু করা হয়েছে।

মোহাম্মদপুর প্রিপারেটরি কলেজে সাড়ে সাতটায় যেসব শিক্ষার্থীর ক্লাস শুরু হতো, তাদের ক্লাস গতকাল শনিবার শুরু হয়েছে সাড়ে আটটায়। আবার ছুটির সময়ও এক ঘণ্টা পিছিয়ে দেওয়া হয়েছে। এভাবে রাজধানীর কিছু প্রতিষ্ঠান এক ঘণ্টা সময় বাড়িয়ে দেওয়ায় শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে বিভ্রান্তি তৈরি হয়েছে।

তেজগাঁও কলেজের অধ্যক্ষ আব্দুর রশীদ *প্রথম আলোকে* বলেন, প্রথম বর্ষে যারা ভর্তি হবে, তাদের ক্লাস সরকারের নতুন সময়সূচি অনুযায়ী সাড়ে আটটায় শুরু হবে। এ ছাড়া স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের ক্লাস শুরু হবে সাড়ে নয়টায়।

কয়েকজন অভিভাবক *প্রথম আলোকে* বলেন, ঘড়ির কাঁটা এক ঘণ্টা এগিয়ে দেওয়ার পর যদি স্কুলের সময় এক ঘণ্টা এগিয়ে দেওয়া হয়, তাহলে দিনের আলো ব্যবহারের উদ্দেশ্য সফল হবে না। তা ছাড়া যে অভিভাবকেরা সন্তানকে স্কুলে দিয়ে অফিসে যেতেন, তাঁরাও ঝামেলায় পড়বেন।